website: www.bb.org.bd

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

মে ২০, ২০১৪
তারিখ ঃ -----------------
জ্যৈষ্ঠ ০৬, ১৪২১

জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ঃ ০১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance)স্কীম ।

শিরোনামোক্ত বিষয়ে জিবিসিএসআরডি সাকুর্লার নংঃ ০২ তারিখ জুলাই ০১, ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের আওতায় ''নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কীম'' এর নীতিমালায় মোট ১০টি খাতে (উপখাতসহ ১৮টি) পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব কার্যক্রমের পরিধি সম্প্রসারণ ও ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় বিশদ পর্যালোচনান্তে বিদ্যমান ১৮টি প্রোডাক্টের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তি, কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনা, বিকল্প জ্বালানি, নন ফায়ার ব্লক ব্রিক প্রস্তুতকরণ প্রকল্প, পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ প্রকল্প সমূহের পরিবেশবান্ধব আরও নতুন ২৬টি প্রোডাক্টকে চলমান পুনঃঅর্থায়ন স্কীমে অন্তর্ভুক্ত করা হলো। এ ছাড়া জিবিসিএসআরডি সার্কুলার নং ঃ ০২/২০১৩ এর ধারা নং ২.১.২, ২.৪ এবং ২.৮ এ প্রয়োজনীয় সংশোধন পূর্বক প্রতিস্থাপন করা হলো।

স্কীমের আওতাভুক্ত নতুন ২৬টি প্রোডাক্টের সর্বোচ্চ ঋণসীমা ঃ

খাত	উপ খাত	প্রোডাক্ট	ঋণসীমা (উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপন করতঃ নির্ধারণ করা হবে; তবে তা নিম্নরূপ সীমা অতিক্রম করবে না)
১. নবায়নযোগ্য জ্বালানিঃ	বায়ো গ্যাস	বায়োমাস ভিত্তিক বৃহৎ আকারের বায়ো গ্যাস প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়ো গ্যাস প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
	সৌর শক্তি	১(এক) মেগা ওয়াট ও তদুর্দ্ধ ক্ষমতার সোলার পিভি প্লান্ট	৩০,০০,০০,০০০/০০ (ত্রিশ কোটি) টাকা
		সোলার কুকার এসেম্বলি প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		সোলার ওয়াটার হিটার এসেম্বলি প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		সোলার এয়ার হিটার এন্ড কুলিং সিস্টেম এসেম্বলি প্লান্ট	৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা
		সৌর শক্তি চালিত কোল্ড স্টোরেজ	৮,০০,০০,০০০/০০ (আট কোটি) টাকা
	বায়ু শক্তি	বায়ু শক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট	৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা
২. জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তিঃ		এনার্জি অডিট রিপোর্টের ভিত্তিতে শিল্প কারখানায় জ্বালানি সাশ্রয়ী লাইটিং সিস্টেম, দক্ষ ইলেক্ট্রনিক সামগ্রী, জ্বালানি দক্ষ বয়লার ইত্যাদি দ্বারা অদক্ষ সামগ্রী সমূহ প্রতিস্থাপন।	৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা
		বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ এসেম্বলি প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ(ICS)/ICS Renewable /Hybrid cook stove এসেম্বলি প্লান্ট	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		এলইডি বাল্ব/টিউব লাইট এসেম্বলি প্লান্ট	৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা

চলমান পাতা নংঃ২

খাত	উপ খাত	প্রোডাক্ট	ঋণসীমা (উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপন করতঃ নির্ধারণ করা হবে; তবে তা নিম্নরূপ সীমা অতিক্রম করবে না)
৩. কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ঃ		পৌর বর্জ্য থেকে মিথেন রিকোভারি ও তা থেকে বিদ্যুৎ উৎপাদন	২০,০০,০০,০০০/০০ (বিশ কোটি) টাকা
		পৌর বর্জ্য থেকে কম্পোস্ট (জৈব সার) উৎপাদন	৭,০০,০০,০০০/০০ (সাত কোটি) টাকা
		ক্ষতিকারক বর্জ্য ব্যবস্থাপনা/পরিশোধন	৮,০০,০০,০০০/০০ (আট কোটি) টাকা
		গাঁদ (Fecal Sludge)ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ	৩,০০,০০,০০০/০০ (তিন কোটি) টাকা
৪. তরল বর্জ্য ব্যবস্থাপনা ঃ		বর্জ্যপানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		পয়ঃনিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
৫. বিকল্প জ্বালানি প্ল্যান্ট ঃ		টায়ার হতে পাইরোলাইসিস প্রক্রিয়ায় দাহ্য তৈল উৎপাদন	১,৫০,০০,০০০/০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) মাত্র
৬. নন ফায়ার ব্লক ব্রিক প্রস্তুতকরণ প্রকল্প ঃ		কমপ্রেসড ব্লক ইট প্রস্তুতকরণ প্রকল্প	৪,০০,০০,০০০/০০ (চার কোটি) টাকা
		ফোম - কনক্রিট ব্লক প্রস্তুতকরণ প্রকল্প	১০,০০,০০,০০০/০০ (দশ কোটি) টাকা
৭. পুনঃ প্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ প্রকল্পঃ		ব্যবহৃত কাগজ পুনঃপ্রক্রিয়াকরণ করতঃ কাগজ উৎপাদন	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		প্লাস্টিক জাতীয় বর্জ্য (পিভিসি, পিপি, এলডিপিই, এইচডিপিই, পিএস) পুনঃপ্রক্রিয়াকরণ প্রকল্প	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী ব্যাগেজ প্রস্তুত (প্রাকৃতিক কাঁচামাল যেমনঃ বাঁশ ইত্যাদি হতে)	২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা
		পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী নন-ওভেন পলিপ্রপাইলিন সুতা এবং ব্যাগেজ প্রস্তুত প্রকল্প	৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা
৮. বিবিধ ঃ		জ্বালানি সাশ্রয়ী/দক্ষ উপায়ে পাম ওয়েল তেল উৎপাদন প্লান্ট	১,৫০,০০,০০০/০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) মাত্র

১. নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

১.১ বায়ো গ্যাস (Bio-gas) প্লান্ট ঃ

স্থাপনযোগ্য পল্লী বা শহরাঞ্চলের যে কোন এলাকায় **বায়োমাস ভিত্তিক বায়ো গ্যাস প্লান্ট এবং পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বায়ো গ্যাস প্লান্ট স্থাপন ও তা হতে বিদ্যুৎ উৎপাদনে** ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে।

১.১.১ বায়োমাস ভিত্তিক বায়ো গ্যাস প্লান্ট ঃ	**১.১.২ পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বায়ো গ্যাস প্লান্ট ঃ**
কৃষিজ বর্জ্য, ধানের তুষ, আখের ছোবড়া, ফসলের অবশিষ্টাংশকে উপাদান(Raw material) হিসেবে ব্যবহার করে উৎপন্ন বায়োগ্যাস হতে বিদ্যুৎ উৎপাদন।	পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়ো গ্যাস প্লান্ট স্থাপন ও তা থেকে বিদ্যুৎ উৎপাদন।

উভয় প্রক্রিয়ার (১.১.১ ও ১.১.২) ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে ঃ

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক+ডি-ময়েশ্চারাইজিং মেশিন+ ডি-সালফারাইজেশান মেশিন+ বায়োডাইজেস্টারের থার্মাল কন্ট্রোলার+ বায়োগ্যাস জেনারেটর স্থাপনের প্রকৃত খরচ পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC)এর নিবন্ধিত প্রতিষ্ঠান; একক বা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান/উপকারভোগী গ্রাহকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি।

চলমান পাতা নংঃ৩

(গ) ঋণ সীমা ঃ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

১.২ সৌর শক্তি (Solar Energy) ঃ

সৌর শক্তির ব্যবহার দ্রুত সম্প্রসারনের স্বার্থে নিম্নবর্ণিত খাত সমূহে অর্থায়নের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। তবে প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি নীতিমালাঃ ২০০৮ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথাপরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

উপখাত	ঋণসীমা
১.২.১ মেগা ওয়াট ক্ষমতার (১ মেগা ওয়াট হতে তদুর্দ্ধ) সোলার পিভি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৩০,০০,০০,০০০/০০ (টাকা ত্রিশ কোটি মাত্র) এর অধিক হবে না।
১.২.২ সোলার কুকার এসেম্বলি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
১.২.৩ সোলার ওয়াটার হিটার এসেম্বলি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
১.২.৪ সোলার এয়ার হিটার এন্ড কুলিং সিস্টেম এসেম্বলি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৩,০০,০০,০০০/০০ (টাকা তিন কোটি মাত্র) এর অধিক হবে না।
১.২.৫ সৌর শক্তি চালিত কোল্ড স্টোরেজ	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৮,০০,০০,০০০/০০ (টাকা আট কোটি মাত্র) এর অধিক হবে না।

উপরোক্ত প্রক্রিয়ার (১.২.১-৫) ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+সিভিল ওয়ার্ক+সোলার প্যানেল ক্রয়/আমদানী (TUV: IEC 61215 Edition II, IEC 61730 I and II, MCS, ISO9000,CE / সমমানের সার্টিফাইড হতে হবে)+আনুষঙ্গিক ব্যয়।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC)এর নিবন্ধিত প্রতিষ্ঠান।

(গ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঘ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ১ বছরের গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(ঙ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ১ বছরের গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

চলমান পাতা নংঃ৪

১.৩. বায়ু শক্তি (Wind Energy) ঃ উপকূলীয় এলাকাসহ সম্ভাবনাময় স্থাপনযোগ্য দেশের যে কোন এলাকায় বায়ু শক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়(টার্বাইন+কন্ট্রোলার)+সিভিল ওয়ার্ক+টাওয়ার নির্মাণ ব্যয়।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান অথবা একক বা যৌথভিত্তিক মালিকানাধীন প্রতিষ্ঠান/উপকারভোগী গ্রাহকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি।

(গ) ঋণ সীমা ঃ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৫,০০,০০,০০০/০০ (টাকা পাঁচ কোটি মাত্র) এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

২. জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তির (Energy Efficient Technology) ব্যবহার

২.১ স্বল্প বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে জ্বালানি দক্ষ সর্বোচ্চ মানের সুবিধা পাওয়ার বিষয়টি বিস্তৃত ও জনপ্রিয় করার জন্য নিম্নবর্ণিত কার্যক্রমে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে ঃ

প্রোডাক্ট	ঋণসীমা
২.২.১ এনার্জি অডিট রিপোর্টের ভিত্তিতে শিল্প কারখানায় জ্বালানি সাশ্রয়ী লাইটিং সিস্টেম, দক্ষ ইলেকট্রনিক সামগ্রী, জ্বালানি দক্ষ বয়লার ইত্যাদি দ্বারা বিদ্যমান অদক্ষ সামগ্রী সমূহ প্রতিস্থাপন। বিঃ দ্রঃ ১ঃ	প্রতিস্থাপনের প্রকৃত ব্যয় নিরূপন করতঃ পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৩,০০,০০,০০০/০০ (টাকা তিন কোটি মাত্র) এর অধিক হবে না।
২.২.২ বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ এসেম্বলি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
২.২.৩ জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ(ICS)/ICS Renewable /Hybrid cook stove এসেম্বলি প্লান্ট	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
২.২.৪ এলইডি বাল্ব ও এলইডি টিউব লাইট এসেম্বলি প্লান্ট ঃ বিঃ দ্রঃ ২ঃ	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৩,০০,০০,০০০/০০ (টাকা তিন কোটি মাত্র) এর অধিক হবে না।

চলমান পাতা নংঃ৫

চারটি প্রক্রিয়ার (২.২.১, ২.২.২, ২.২.৩ ও ২.২.৪) ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান অথবা একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

(গ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঘ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৬ (ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(ঙ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

বিঃ দ্রঃ ১ঃ এনার্জি অডিটিং কার্যক্রম দেশীয়/আন্তর্জাতিক মান সম্পন্ন এনার্জি অডিটিং ফার্ম/এনার্জি অডিটর দ্বারা সম্পন্ন করতে হবে এবং অডিট রিপোর্টে ইনস্টিটিউট অব এনার্জি, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়(বুয়েট) এর সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতামত সংযোজন করতে হবে।

বিঃ দ্রঃ ২ঃ আমদানীকৃত এলইডি ডায়োড উচ্চমান সম্পন্ন ও দীর্ঘস্থায়ী হতে হবে ও এসেম্বলি প্রতিষ্ঠানকে অবশ্যই warrenty সহ বিক্রয়োত্তর সেবা দিতে হবে।

৩.কঠিন বর্জ্য ব্যবস্থাপনা

৩.১ পৌর বর্জ্য হতে মিথেন রিকোভারি করে তা থেকে বিদ্যুৎ ও পঁচনশীল দ্রব্য হতে কম্পোষ্ট উৎপাদন প্লান্ট স্থাপনের পাশাপাশি হাসপাতাল এবং ক্লিনিক সমূহের ক্ষতিকারক বর্জ্যকে সংগ্রহপূর্বক বৈজ্ঞানিক ও পরিবেশবান্ধব প্রক্রিয়াতে পরিশোধন করার মাধ্যমে যত্রতত্র এ ক্ষতিকারক দ্রব্য ফেলে রেখে পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করার জন্য এ ধরনের প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। তবে প্রকল্প বাস্তবায়নে এতদসংশ্লিষ্ট প্রযোজ্য বিধিবিধান যথাযথ অনুসরন করতে হবে।

প্রোডাক্ট	ঋণসীমা
৩.১.১ পৌর বর্জ্য থেকে মিথেন রিকোভারি ও তা থেকে বিদ্যুৎ উৎপাদন ঃ	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২০,০০,০০,০০০/০০ (টাকা বিশ কোটি মাত্র) এর অধিক হবে না।
৩.১.২ পৌরসভার বর্জ্য হতে পঁচনশীল দ্রব্য সমূহ আলাদা করে তা থেকে কম্পোস্ট উৎপাদন প্লান্ট স্থাপন।	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৭,০০,০০,০০০/০০ (টাকা সাত কোটি মাত্র) এর অধিক হবে না।
৩.১.৩ ক্ষতিকারক বর্জ্য (Hazardous Waste Treatment Plant) ব্যবস্থাপনা/পরিশোধন	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৮,০০,০০,০০০/০০ (টাকা আট কোটি মাত্র) এর অধিক হবে না।
৩.১.৪ গাঁদ (Fecal Sludge)ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৩,০০,০০,০০০/০০ (টাকা তিন কোটি মাত্র) এর অধিক হবে না।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয় + আমদানী ব্যয় + জেনারেটর ক্রয় + সাবস্টেশন ক্রয় + সিভিল ওয়ার্ক।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, উপকারভোগী গ্রাহকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি অথবা একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

চলমান পাতা নংঃ৬

(গ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং(Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যব্যহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]।

বিঃ দ্রঃ পৌরসভার বর্জ্য হতে পঁচনশীল দ্রব্য সমূহ আলাদা করে তা থেকে কম্পোস্ট উৎপাদন প্লান্ট স্থাপনে সরাসরি ব্যাংক অর্থায়নের পাশাপাশি এমএফআই লিংকেজ এবং ইন্টারমিডিয়ারী এজেন্টের মাধ্যমেও প্রকল্প বাস্তবায়ন করা যাবে।

(ঘ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে ৬ মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

(ঙ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

৪. তরল বর্জ্য ব্যবস্থাপনাঃ

৪.১ বর্জ্যপানি/পয়ঃনিষ্কাশিত (Waste water/Sewage water Treatment Plant) তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্পঃ বিভিন্ন সুউচ্চ ভবন/ফ্ল্যাট/আবাসিক এলাকা এবং শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য {শিল্পের তরল (Effluent) বর্জ্য ব্যতীত} ও পয়ঃনিষ্কাশনের পানি প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে ভূগর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে নিয়ে আসার জন্য এ জাতীয় প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

উভয় প্রক্রিয়ার ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক।

(খ) ঋণ প্রাপ্তির নূ্যনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান।

(গ) ঋণ সীমা ঃ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

চলমান পাতা নংঃ৭

৫. বিকল্প জ্বালানি (Alternative Energy)

৫.১ টায়ার হতে পাইরোলাইসিস প্রক্রিয়ায় দাহ্য তৈল উৎপাদন ঃ ফেলে দেয়া অব্যবহৃত পুরাতন টায়ার হতে পাইরোলাইসিস প্রক্রিয়াতে তরল দাহ্য উৎপাদনের পাশাপাশি বাই-প্রোডাক্ট হিসেবে ব্লাক কার্বন ও ক্র্যাপ আয়রন তৈরির মাধ্যমে অপরিকল্পিত উপায়ে টায়ার পোড়ানোর মাধ্যমে পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করার জন্য এ ধরনের প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান, নিবদ্ধিত সমবায় সমিতি।

(গ) ঋণ সীমা ঃ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ১,৫০,০০,০০০/০০ (টাকা এক কোটি পঞ্চাশ লক্ষ মাত্র) এর অধিক হবে না।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

৬. নন ফায়ার ব্লক ব্রিক প্রস্তুতকরণ প্রকল্প (Non Fire Block Brick Manufacturing Project) ঃ

প্রচলিত পদ্ধতিতে ইট উৎপাদনকালে সৃষ্ট পরিবেশ দূষণ (কার্বন ডাই অক্সাইড, কার্বন মনোক্সাইড, সালফার ডাই অক্সাইড ও ভাসমান ধূলিকণা নিঃসরণ) কমানোর পাশাপাশি উর্বর টপসয়েল এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে নিম্নবর্ণিত দুটি পদ্ধতির ইট উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

৬.১ কমপ্রেসড ব্লক ইট (Compressed Block-Brick) প্রস্তুতকরণ প্রকল্প ঃ মোটা বালু, স্টোন ডাস্ট, স্টোন চিপস্, নুড়িপাথর, সিমেন্ট ও পানির যথামিশ্রনে চাপ প্রয়োগে এ ধরনের ব্লক ইট প্রস্তুত হয়। এ পদ্ধতিতে উর্বর মাটি/টপসয়েল, আগুন ও কয়লার কোন ব্যবহারের প্রয়োজন হয় না বিধায় এ ধরনের প্রকল্প সম্পূর্ণ পরিবেশবান্ধব।

৬.২ ফোম - কনক্রিট ব্লক (Auto Claved Aerated Concrete) প্রস্তুতকরণ প্রকল্প ঃ বালু, কেলসাইনড জিপসাম, লাইম, এ্যালুমিনিয়াম পাউডার, ফ্লাই এ্যাশ, সিমেন্ট ও পানির সমন্বয়ে ফোম - কনক্রিট ব্লক তৈরি হয় । এ পদ্ধতিতে উর্বর মাটি/টপসয়েল, আগুন ও কয়লার কোন ব্যবহারের প্রয়োজন হয় না বিধায় এ ধরনের প্রকল্প সম্পূর্ণ পরিবেশবান্ধব। এ ধরনের ফোম-কনক্রিট ব্লক খুবই হালকা হয় যার ফলে ভবনের ওজন কম হয়।

উভয় প্রক্রিয়ার (৬.১ ও ৬.২) ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) উৎপাদন ক্ষমতাঃ

(১) **কমপ্রেসড ব্লক ইটঃ** বছরে ১৫ মিলিয়ন হতে ৩০ মিলিয়ন ইট তৈরীতে সক্ষম।
(২) ফোম - কনক্রিট ব্লকঃ বছরে ১৫ মিলিয়ন হতে ৩০ মিলিয়ন ইট তৈরীতে সক্ষম।

(খ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপন পূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা কমপ্রেসড ব্লক ইটের ক্ষেত্রে ৪,০০,০০,০০০/০০ (টাকা চার কোটি মাত্র) এবং ফোম - কনক্রিট ব্লক এর ক্ষেত্রে ১০,০০,০০,০০০/০০ (টাকা দশ কোটি মাত্র) এর অধিক হবে না।

চলমান পাতা নংঃ৮

(গ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(ঘ) গ্রাহক পর্যায়ে সুদের হারঃ পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঙ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ হতে **১২** (বার) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৭ (সাত) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

(চ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে ১২ (বার) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৭ (সাত) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ছ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এর নিবন্ধিত প্রতিষ্ঠান অথবা একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।।

(জ) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে প্রকল্পটি ট্রায়াল রানে যাওয়ার পর এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

(ঝ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনাঃ পরিবেশ অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথা পরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

৭. পুনঃপ্রক্রিয়াকরণ (Recycling Plant) ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ প্লান্টঃ

পুনঃব্যবহারযোগ্য সামগ্রী সমূহ যত্রতত্র ফেলে রাখায় তা স্যুয়ারেজ লাইনসহ খাল, নদী, নালার স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্থ করছে যা পরিবেশ দূষণের সৃষ্টি করছে। সঠিক পরিবেশবান্ধব প্রক্রিয়ার মাধ্যমে শোধনপূর্বক প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আবার তা ব্যবহার উপযোগী করার প্রকল্প সমূহে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

উপ খাত সমূহ	ঋণসীমা
৭.১ ব্যবহৃত কাগজ প্রক্রিয়াকরণ করতঃ কাগজ উৎপাদন	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
৭.২ প্লাস্টিক জাতীয় বর্জ্য (পিভিসি, পিপি, এলডিপিই, এইচডিপিই, পিএস) প্রক্রিয়াকরণ প্রকল্প	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
৭.৩ পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী ব্যাগেজ প্রস্তুত (প্রাকৃতিক কাঁচামাল যেমন বাঁশ হতে)	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ২,০০,০০,০০০/০০ (টাকা দুই কোটি মাত্র) এর অধিক হবে না।
৭.৪ পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী নন-ওভেন পলিপ্রপাইলিন সুতা এবং ব্যাগেজ প্রস্তুত প্রকল্প	প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও এর প্রকৃত ব্যয় নিরূপনপূর্বক পুনঃঅর্থায়নসীমা নির্ধারণ করা হবে তবে তা ৫,০০,০০,০০০/০০ (টাকা পাঁচ কোটি মাত্র) এর অধিক হবে না।

উপরোক্ত ৭.১ হতে ৭.৪ পর্যন্ত খাত সমূহের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) ঋণের আওতাঃ প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয়+সিভিল ওয়ার্ক।

(খ) ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এ নিবন্ধিত প্রতিষ্ঠান।

(গ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

চলমান পাতা নংঃ৯

(ঘ) **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(ঙ) **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

৮ . বিবিধ

৮.১ পাম গাছ হতে তেল উৎপাদন প্লান্টঃ পামওয়েল গাছের প্রকৃতিগতভাবেই বাতাস হতে অধিকতর কার্বন ডাই অক্সাইড শোষণ করে থাকা এবং আমাদের অর্থনীতিতে এর ব্যাপক গুরুত্বের কথা বিবেচনায় রেখে পামওয়েল প্লান্ট স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

(ক) **ঋণের আওতাঃ** প্রকল্পের স্থানীয় ব্যয়+আমদানী ব্যয় (ক্রাশার মেশিন)+সিভিল ওয়ার্ক।

(খ) **ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ** Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এ নিবন্ধিত প্রতিষ্ঠান, একক/ব্যাক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান, নিবন্ধিত সমবায় সমিতি।

(গ) **গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(ঘ) **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য।

(ঙ) **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৯(নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

জিবিসিএসআরডি সার্কুলার নং ঃ ০২/২০১৩ এর ২.১.২, ২.৪ এবং ২.৮ নং ধারা ৩টি নিম্নরূপভাবে যথাক্রমে প্রতিস্থাপন করা হলোঃ

২.১.২ <u>সোলার মাইক্রো/মিনি-গ্রিড (Solar Micro/Mini-grid):</u>

(ক) **সৌর প্যানেলের ক্ষমতা ঃ** ৫২৫ Wp থেকে সর্বোচ্চ ৫০০ KWp পর্যন্ত।

(খ) **ঋণ সীমা ঃ** সৌর প্যানেলের ক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ ১০,০০,০০,০০০/০০ (দশ কোটি) টাকা পর্যন্ত।

(গ) **ঋণ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা ঃ** উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান অথবা Registrar of Joint Stock Companies and Firms (RJSC) এ নিবন্ধিত প্রতিষ্ঠান; তবে তাদেরকে উপকারভোগী গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ঋণের মেয়াদ শেষে সিস্টেমটির মালিকানা উপকারভোগী গ্রাহকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতির অনুকূলে হস্তান্তর করতে হবে।

(ঙ) **গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক {উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান} পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

চলমান পাতা নং ১০

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং(Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]।

(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে ৯ (নয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০ (দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৯ (নয়) মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০(দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(চ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

২.৪ <u>কেঁচো কম্পোস্ট সার (Vermicompost) উৎপাদনঃ</u> ফসলের উৎপাদন বৃদ্ধি ও মাটির উর্বরতা শক্তিকে ধরে রাখার জন্য কেঁচো কম্পোস্ট সারের বাণিজ্যিক উৎপাদনকে উৎসাহিত করার লক্ষ্যে এখাতে ব্যাংক অর্থায়নে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবেঃ

(ক) ঋণ সীমা এবং ঋণের আওতা ঃ ২টি গরু ক্রয়সহ কেঁচো কম্পোস্ট সার তৈরির জন্য ২,৯০,০০০/০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা এবং শুধু কেঁচো কম্পোস্ট সার তৈরির জন্য ৯০,০০০/০০ (নব্বই হাজার) টাকা।

গরু ক্রয় ২টি	মাটির চাড়ি ক্রয়/হাউস নির্মাণ	কেঁচো ক্রয় (৩ কেজি)	ঘর তৈরি/ শেড নির্মাণ	অন্যান্য খরচ	গরু ক্রয়সহ মোট খরচ	গরু ক্রয়ব্যতীত মোট খরচ
১	২	৩	৪	৫	৬	৭
২,০০,০০০/০০	৩০,০০০/০০	১০,০০০/০০	৪৯,০০০/০০	১,০০০/০০	২,৯০,০০০/০০	৯০,০০০/০০

(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং(Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

চলমান পাতা নং ১১

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]।

(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪(চার) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

(ঙ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(চ) ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান অথবা RJSC তে নিবন্ধিত প্রতিষ্ঠান।

২.৮. ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তিসম্পন্ন প্ল্যান্ট স্থাপন খাতের বৈশিষ্ট্য ও শর্তাবলী নিম্নরূপঃ

(ক) ইটভাটার ক্ষমতাঃ সিঙ্গেল Kiln বা ডাবল Kiln (বছরে ১৫ মিলিয়ন হতে ৩০ মিলিয়ন ইট তৈরীতে সক্ষম)

(খ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ

(১) নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প প্রতি পুনঃঅর্থায়নসীমা সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা।

(২) প্রচলিত দেশীয় পদ্ধতিতে পরিচালিত ইটভাটা (FCK) সমূহকে Zig-Zag/VSBK পদ্ধতির ইট ভাটায় রূপান্তরের ক্ষেত্রে সর্বোচ্চ ৭০,০০,০০০/০০ (সত্তর লক্ষ) টাকা।

(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ

(১) ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপন করতে হবে।

(২) প্রচলিত দেশীয় পদ্ধতিতে পরিচালিত ইটভাটা (FCK) সমূহকে Zig-Zag/VSBK পদ্ধতির ইট ভাটায় রূপান্তরের ক্ষেত্রে এ ঋণ সুবিধা প্রযোজ্য হবে।

উভয় ক্ষেত্রেই একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান অথবা RJSC তে নিবন্ধিত প্রতিষ্ঠান ঋণ প্রাপ্তির যোগ্য হবে।

(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হারঃ পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ হতে ১২ (বার) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৭ (সাত) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে ১২(বার) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৭(সাত) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য।

চলমান পাতা নং ১২

(জ) কর্ম সম্পাদন ঃ ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপনের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক যে তারিখে অর্থায়ন করা হবে সেই তারিখ থেকে ১২(বার) মাসের মধ্যে নির্ধারিত কাজ সম্পন্ন করতে হবে।

(ঞ) ঋণের আওতাঃ ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মাণ এবং যন্ত্রাংশ ক্রয়)-এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত সম্ভাব্য ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

(ঞ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনাঃ পরিবেশ অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথাপরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

অন্যান্য নির্দেশনাঃ গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হিসাবায়ন, পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা, ঋণের সদ্ব্যবহার ও তথ্য সরবরাহ, আদায় এবং বিশেষ শর্তাবলী জিবিসিএসআরডি সার্কুলার নংঃ০২/২০১৩ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী পরিপালনীয় হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে Participating Financial Institution(PFI) সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) উপরোক্ত ধারাসমূহ সংযোজিত ও সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সার্কুলারে বর্ণিত খাত সমূহের নতুন নতুন প্রোডাক্ট চিহ্নিতকরণের জন্য তাদের স্ব স্ব গবেষণা ও উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখবে। নতুনভাবে চিহ্নিত এসকল খাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্যতার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নিকট যাচায়ান্তে গ্রহণযোগ্য বিবেচিত হলে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হতে পারে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।
অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৯২
ফ্যাক্স ঃ ৯৫৩০৩২৭
E-mail: morshed.millat@bb.org.bd